

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
চিকিৎসা শিক্ষা-২ শাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৯৯.০০১.২০.৬৬৫

তারিখ: ৩০ আষাঢ় ১৪২৯  
১৪ জুলাই ২০২২

বিষয়: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে এমবিবিএস ও বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির তথ্য প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, 'মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা ২০২২' এর ৪.৪ ও ৪.৫ অনুচ্ছেদের বিধান নিম্নরূপ:

“৪.৪ বেসরকারি মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজসমূহে প্রাপ্ত আবেদনকারীদের জাতীয় মেধা তালিকার ক্রম অনুযায়ী বিন্যাস করিয়া একটি মেধা তালিকা প্রকাশ করিবে। এ তালিকা হইতে ভর্তির জন্য সিডিউল প্রস্তুত করিবে। এ তালিকা ও সিডিউল সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইট, জাতীয় দৈনিক পত্রিকা ও দৃশ্যমান স্থানে প্রকাশ করিবে। প্রকাশের দিন থেকে ন্যূনতম ০৫ (পাঁচ) কর্মদিবসের জন্য উন্মুক্ত থাকিবে। পরবর্তীতে শূন্য আসনে একইভাবে ন্যূনতম ০৩ (তিন) কর্মদিবসের জন্য ভর্তি কার্যক্রম উন্মুক্ত থাকিবে। কোনো ক্রমেই মেধাক্রমের ব্যতিক্রম করা যাইবে না।

৪.৫ কলেজ কর্তৃপক্ষ সিডিউল অনুযায়ী ভর্তির অগ্রগতি তালিকাসহ পরিচালক (চিশি), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে দফায় দফায় তাৎক্ষণিকভাবে অবহিত করিবেন।”

০২। এমতাবস্থায়, নীতিমালায় বর্ণিত বিধানানুযায়ী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটে এমবিবিএস ও বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তির তথ্য নিম্নোক্ত ছক অনুসারে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বরাবর জরুরিভিত্তিতে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

আবেদনকারীর রোল নম্বর (মেধাক্রম অনুযায়ী)	আবেদনকারীর নাম	জাতীয় মেধা তালিকার মেধাক্রম	আবেদনকারীদের মধ্যে মেধাক্রম	ভর্তির জন্য প্রাথমিকভাবে তালিকাভুক্ত/নির্বাচিত কীনা? (হ্যাঁ/না/অপেক্ষমাণ)
০১	০২	০৩	০৪	০৫



২৪/০৭/২০২২  
(মোহাম্মদ আবদুল কাদের)

উপসচিব

ফোন: ৫৫১০০৬৯০

ই-মেইল: [me2@mefwd.gov.bd](mailto:me2@mefwd.gov.bd)

বিতরণ:

০১। অধ্যক্ষ, বেসরকারি মেডিকেল কলেজ (সকল)

০২। অধ্যক্ষ, বেসরকারি ডেন্টাল কলেজ (সকল)

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪১.৯৯.০০১.২০.৬৬৫


তারিখ: ৩০ আষাঢ় ১৪২৯  
১৪ জুলাই ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা

২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৩। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ



২৪/০৭/২০২২  
(মোহাম্মদ আবদুল কাদের)

উপসচিব